



দেশের উন্নয়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান মিজা ফখরুলের



মিজা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দারিদ্র্য হ্রাস করে মানুষের জীবনমান উন্নয়ন এবং তাদের ভাগ্য পরিবর্তনে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মিজা ফখরুল ইসলাম আলমগীর এমপি।

শুক্রবার ঢাকার মাদানী এভিনিউয়ের পিপার ট্রি বিডি ইভেন্ট ভেন্যুতে অনুষ্ঠিত জুনিয়র চেম্বার ইন্টারন্যাশনাল (জেসিআই) কার্নিভাল-২০২৬ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

অনুষ্ঠানে মন্ত্রী বলেন, তরুণদের নেতৃত্ব বিকাশ ও সামাজিক কর্মকাণ্ডে যুক্ত করতে জেসিআই বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি সংগঠনটির কার্যক্রম আরও সম্প্রসারণ করে দেশের উন্নয়ন প্রক্রিয়ায় সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানান।

তিনি আরও বলেন, স্বাধীনতার পর গত ৫৬ বছরে বাংলাদেশ নানা ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। বিশেষ করে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও কৃষি খাতে উন্নয়ন দেশের বড় সাফল্য হিসেবে উঠে এসেছে।

তরুণদের উদ্দেশে মন্ত্রী বলেন, নতুন স্বপ্ন ও উদ্যম নিয়ে দেশের উন্নয়নে এগিয়ে আসতে হবে। টেকসই উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে তরুণদের সক্রিয় অংশগ্রহণ এখন সময়ের দাবি। উল্লেখ্য, 'জেসিআই বাংলাদেশ' একটি অলাভজনক আন্তর্জাতিক প্ল্যাটফর্ম, যা তরুণদের নেতৃত্ব উন্নয়ন, সামাজিক দায়বদ্ধতা এবং ইতিবাচক পরিবর্তন তৈরিতে কাজ করে।